

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।



“নিয়োগ বিজ্ঞপ্তি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ১৯ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ/০৩, জুলাই/২০১৭ খ্রিস্টাব্দ প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৩০-আইন/২০১৭। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ঙ) তে স্থানীয় সরকার চাকুরী বিধিমালা, ২০১৫ এর অধিকতর সংশোধন প্রদত্ত ক্ষমতাবলে জারীকৃত “স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ গ্রাম পুলিশ বাহিনী দফাদার ও মহল্লাদার নিয়োগ পদ্ধতি ৩ এর ১ ও ২ অনুযায়ী রূপগঞ্জ উপজেলাধীন ৭টি ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে পুরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	ইউনিয়ন	পদের নাম	ওয়ার্ড নং	শূন্য পদ	শিক্ষাগত যোগ্যতা
০১	মুড়াপাড়া	মহল্লাদার	দফাদার	২,৪,৫,৬,৭,৯	০৭
০২	রূপগঞ্জ	মহল্লাদার	--	৩,৭,৮,৯	০৪
০৩	ভুলতা	মহল্লাদার	দফাদার	২,৩,৪	০৩
০৪	গোলাকান্দাইল	মহল্লাদার	--	১,২,৫,৬,৮,৯	০৬
০৫	ভোলাব	মহল্লাদার	দফাদার	১,২,৩,৪,৬,৭,৮,৯	০৯
০৬	দাউদপুর	মহল্লাদার	--	১,৩,৪	০৩
০৭	কায়েতপাড়া	মহল্লাদার	দফাদার	১,৪,৬,৭	০৫

শর্তাবলী

- আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ বরাবরে স্ব-হস্তে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ১৪-০২-২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি অবশ্যই উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ- এ জমা দিতে হবে;
- প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত : (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) বয়স (ঙ) ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ধর্ম (জ) জাতীয়তা, (ঝ) বৈবাহিক অবস্থা, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) অভিজ্ঞতা (যদি থাকে), (ঠ) কোটা ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি সত্যায়িত ছবিসহ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নম্বর উল্লেখপূর্বক নাগরিকত্ব সনদপত্র, অনলাইন জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয়পত্র সত্যায়িত কপি দাখিল করতে হবে;
- ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে। সকল সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে।
- সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সরকার কর্তৃক জারীকৃত কোটা সংক্রান্ত নির্দেশাবলী অনুসরণ করা হবে। সরকারি/আধা সরকারি সংস্থায় চাকুরীরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- দফাদার পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হবে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকলে সে ক্ষেত্রে সরাসরি নিয়োগ দান করা হবে।
- আবেদনকারীর পিতা/মাতা গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) পদে চাকুরীরত থাকলে/চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করে থাকলে সে বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হতে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের অন্য ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে।
- আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ বরাবর ১০০/- (একশত) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- প্রার্থীকে ১৪-০২-২০২১ তারিখের মধ্যে সর্বনিম্ন বয়স ১৮ বৎসর হতে সর্বোচ্চ বয়স ৩০ বৎসর হইতে হবে;
- পুরুষ প্রার্থীর সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ৩ ইঞ্চি, সর্বনিম্ন বৃকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক অবস্থায়), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং ওজন সর্বনিম্ন ৫০ কেজি হতে হবে;
- মহিলা প্রার্থীর সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, সর্বনিম্ন বৃকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক অবস্থায়), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) এবং ওজন সর্বনিম্ন ৪৫ কেজি হতে হবে;
- আবেদনপত্র বাতিল বা গ্রহণ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে প্রয়োজনে এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি কম্পিউটারে টাইপকৃত। কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।

স্বাক্ষরিত

শাহ্ নুসরাত জাহান

উপজেলা নির্বাহী অফিসার

রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

☎ ০২-৭৬৫০১০১

☎ ০২-৭৬৫০১০৬

✉ unorupganj@mopa.gov.bd

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে।

১. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নারায়ণগঞ্জ।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে-

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
২. আইস-চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩. চেয়ারম্যান, মুড়াপাড়া/ভুলতা/রূপগঞ্জ/দাউদপুর/কায়েতপাড়া/ভোলাব/গোলাকান্দাইল ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ। বিজ্ঞপ্তিটি আপনার ইউনিয়ন পরিষদ, সংশ্লিষ্ট ইউনিয়নের ওয়ার্ডে, হাটবাজার, ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে ও নোটিশ বোর্ডে টানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
৪. নোটিশ বোর্ড
৫. অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।